# School Certificate Examination 2017
## Bengali (Old)
## Paper - I

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

১। **যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫×৪=২০

(ক) **সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো চারটি):** ৪
যথোচিত, মন্বন্তর, পবন, হিতৈষী, তপোবন, বৃহস্পতি, খানিক, ছোড়দাদা

(খ) **উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি):** ২×২=৪
মৌলিক শব্দ, নাম ধাতু, শব্দদ্বৈত, সাধিত ধাতু

(গ) **প্রকৃতি প্রত্যয় নির্ণয় করো (যে কোনো চারটি):** ১×৪=৪
আদিত্য, পূজনীয়, সাহিত্যিক, বর্তমান, স্মরণীয়, দার্শনিক, প্রভুত্ব, কার্য

(ঘ) **চারটি উপসর্গ যোগে চারটি পৃথক শব্দ গঠন করো:** ৪
আ, উপ, অতি, সু, পরা, দুর্, নির্, অব

(ঙ) **নীচের শব্দগুলি বাংলা শব্দ ভাণ্ডারের কোন্ শ্রেণীর অন্তর্গত লেখো (যে কোনো চারটি):** ৪
বর্ষা, কেষ্ট, শিক্ষক, সোনা, চিনি, গির্জা, চন্দ্র, রিকশা

(চ) **গঠনগত দিক থেকে কোনটি কী ধরনের ধাতু নির্দেশ করো (যে কোনো চারটি):** ৪
দৌড় দি, টলমলা, বসে পড়্, বলে ফেল্, ক্ষুধা পা, ঘামা, করা, লিখ্

(ছ) **নির্দেশানুসারে বাক্য পরিবর্তন করো (যে কোনো চারটি):** ৪
(i) যদি চেষ্টা করো তবেই তোমার জয় হবে। (যৌগিক বাক্যে)
(ii) তিনি দরিদ্র কিন্তু সৎ। (জটিল বাক্যে)
(iii) সদা সত্য কথা বলিবে। (নাস্ত্যর্থক বাক্যে)
(iv) ভুল সকলেরই হয়। (প্রশ্নবোধক বাক্যে)
(v) তুমি ছাড়া একাজ আর কেউ করতে পারে না। (অস্ত্যর্থক বাক্যে)
(vi) আমার কাছে আসতে বলছি। (অনুজ্ঞাবাচক বাক্যে)
(vii) আন্তরিক পরিশ্রম কি কখনও ব্যর্থ হয়? (নির্দেশাত্মক বাক্যে)
(viii) যদিও স্থানটি ভয়ংকর তবুও সুন্দর। (সরল বাক্যে)

২। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ২×৪=৮

(ক) 'হাত' **অথবা** 'মুখ' শব্দ যোগে ভিন্নার্থক চারটি বাক্য রচনা করো (অর্থের উল্লেখ সহ)।

(খ) **এক কথায় প্রকাশ করো (যে কোনো চারটি):** ৪
হরিণের চর্ম, বীণার ধ্বনি, যার অঙ্গ নেই, চৈত্র মাসের ফসল,
শুভক্ষণে যার জন্ম, উঁচুনীচু যে স্থান, যিনি বিদেশে থাকেন, যা স্মরণ করার যোগ্য।

(গ) **প্রায় সমোচ্চারিত শব্দ যুগলের অর্থ পার্থক্য লেখো (যে কোনো দুই জোড়া)** ৪
বিশ/বিষ, সারদা/শারদা, সাল/শাল, কটি/কোটি, ধ্বনি/ধনী, দীপ/দ্বিপ, সর্গ/স্বর্গ, কীর্তি/কৃত্তি

৩। **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:**

(ক) **ভাবসম্প্রসারণ করো:** ৭
"যারা শুধু মরে কিন্তু নাহি দেয় প্রাণ,
কেহ কভু তাহাদের করেনি সম্মান।"

**অথবা**

(খ) **সারসংক্ষেপ লেখো:**
অশিক্ষিত লোক বাস করে তার সংকীর্ণ পরিবেশের গণ্ডিতে, শিক্ষা তার স্ব-পরিবেশের সম্বন্ধ-বিচ্ছেদ না ঘটিয়ে মুক্ত করে সংকীর্ণতার বন্ধন থেকে, শিক্ষা মানুষকে সচেতন করে বিভিন্ন সমাজ ও সভ্যতার অস্তিত্ব বিষয়ে। শিক্ষার কল্যাণে মানুষ বর্তমানকে দেখতে পারে অতীতের আলোকে, কেন যে দেশে দেশে কালে কালে বিভিন্ন পরিবেশে আদর্শ ও নীতির বিশ্বাস ও সংস্কারের পার্থক্য ঘটে মানুষ তা বুঝতে পারে শিক্ষার ফলে। তাহলে বুঝতে পারা যাচ্ছে যে, শিক্ষার কাজ হল মানুষের সহানুভূতিকে উদার ও প্রশস্ত করে তোলা আর কল্পনাকে বিচারের আলোকে দীপ্ত করা।

৪। ‘কালীপূজা উপলক্ষে শব্দবাজি নিয়ন্ত্রণ’ – বিষয়টি অবলম্বন করে একটি প্রতিবেদন রচনা করো। ৫

**অথবা**

বিদ্যালয়ে পানীয় জলের সমস্যার সমাধান করার আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়কে পত্র লেখো। [আবেদন পত্রে নিজের নাম উল্লেখ করা যাবে না। পরিবর্তে নামের ক্ষেত্রে স্বরবর্ণ ও বিদ্যালয়ের ক্ষেত্রে ব্যঞ্জনবর্ণ ব্যবহার করবে]

**৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১×১০=১০

(ক) অভিসার কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমাদের পাঠ্য পদটিতে রাধার যে অভিসারের বর্ণনা দেওয়া হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ১+১+৮=১০

(খ) ‘রবীন্দ্রনাথের প্রতি’ কবিতাটি কার রচিত এবং কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত? কবিতাটিতে অগ্রজ কবির প্রতি অনুজ কবি কীভাবে শ্রদ্ধা অর্পণ করেছেন, তা ব্যক্ত করো। ১+১+৮=১০

(গ) ‘জননী জন্মভূমি’ কবিতাটি কার লেখা? কবিতাটি কোন পটভূমিতে রচিত? মাতৃভূমির প্রতি কবির ভালোবাসা এখানে কেমন ভাবে ব্যক্ত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ১+১+৮=১০

**৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

(ক) স্বাদেশিকতা অধ্যায় অবলম্বনে ঠাকুরবাড়ির স্বদেশ প্রেমের পরিচয় দাও।

(খ) ‘সাহিত্যের সঙ্গী’ অধ্যায় অবলম্বনে রবীন্দ্রনাথের সাহিত্যচর্চা বিষয়ক স্মৃতিচারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) **টীকা লেখো (যে কোনো দুটি):** ২×৫=১০
হিন্দুমেলা, গুণদাদা, বিহারীলাল চক্রবর্তী

**৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) বই মেলা

(খ) তোমার দেখা একটি ফুটবল প্রতিযোগিতা

(গ) বাঙালির উৎসব – সংকেত সূত্র (ভূমিকা– উৎসবের নানা রূপ – ধর্মীয় উৎসব – সামাজিক ও ঋতু উৎসব – উপসংহার।

(ঘ) প্রতিদিনের জীবনে বিজ্ঞান – সংকেতসূত্র (ভূমিকা – প্রাত্যহিক জীবন ও বিজ্ঞান – বিজ্ঞানের দান – বিজ্ঞানের প্রয়োজনীয়তা ঘরে ঘরে ও সর্বত্র – বিনোদনে বিজ্ঞান – উপসংহার)

---